# বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ১৩৯৪

পর্ব - ১৪ঃ বিচার-ফায়সালা (كتاب القضاء)

পরিচ্ছেদঃ বিচারকার্যের গুরুত্ব

আরবী

وَعَنْ عَائِشَةَ رَضِيَ اللَّهُ عَنْهَا قَالَتْ: سَمِعْتُ رَسُولَ اللَّهِ ـ صلى الله عليه وسلم ـ يَقُولُ: «يُدْعَى بِالْقَاضِي الْعَادِلِ يَوْمَ الْقِيَامَةِ, فَيَلْقَى مِنْ شِدَّةِ الْحِسَابِ مَا يَتَمَنَّى أَنَّهُ لَمْ يَقْضِ بَيْنَ اثْنَيْنِ فِي عُمْرِهِ». رَوَاهُ ابْنُ حِبَّانَ
وَأَخْرَجَهُ الْبَيْهَقِيُّ, وَلَفْظُهُ: «فِي تَمْرَةٍ

ضعيف. رواه ابن حبان (1563)

বাংলা

১৩৯৪। ’আয়িশা (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে বলতে শুনেছি, ন্যায় বিচারক ক্বাযীকে কিয়ামতের দিবসে ডাকা হবে এবং সে ঐ দিন হিসাবের কঠোরতার সম্মুখীন হয়ে আকাঙ্ক্ষা করবে, হায় সে যদি জীবনে দু’জন লোকের মধ্যে ফায়সালাহ না করতো। (তাই মঙ্গল ছিল)। হাদীসটি ইমাম বায়হাক্বী বর্ণনা করেছেন তাতে আছে-যদি এ ক’টি খেজুরের ব্যাপারেও ফায়সালা না করতো।[1]

## English

Narrated 'Aishah (RA):
I heard Allah's Messenger (ﷺ) saying, "the just Qadi (judge) will be called (forth) on the Day of Resurrection and he will wish he had never given judgement even between two men throughout his life, due to the severity of the account he will face." [Reported by Ibn Hibban. al-Baihaqi reported it with the wording: "...concerning a single tamrah (date fruit).

## ফুটনোট

[1] ইবনু হিব্বান ১৫৬৩। ইমাম যাহাবী তাঁর সিয়ার আ’লামুন নুবালা (১৮/১৭০) গ্রন্থে হাদীসটিকে অত্যন্ত গরীব বলেছেন। আল মুনযিরী তার তারগীব ওয়াত তারহীব (৩/১৭৯) গ্রন্থে বলেন, হাদীসটি সহীহ অথবা হাসান কিংবা এতদুভয়ের কাছাকাছি। শাইখ আলবানী হাদীসটিকে যঈফ তারগীব (১৩১০) গ্রন্থে দুর্বল বলেছেন। ইবনু উসাইমীন তাঁর শরহে বুলুগুল মারাম (৬/১৬৭) গ্রন্থে বলেন, হাদীসটি বাতিল অথবা বিরল।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন  বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=71205

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন